বাংলা ট্রিবিউন

# ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে সেন্টার ফর ইনক্লুসিভ অ্যান্ড আরবানিজমের উদ্বোধন

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশিত: ১৯:৩৮, জুলাই ০৮, ২০১৮ | সর্বশেষ আপডেট: ১৯:৪০, জুলাই ০৮, ২০১৮



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে নগরায়ন ও স্থাপত্য বিষয়ক গবেষণা পরামর্শ প্রতিষ্ঠান 'সেন্টার ফর ইনক্লুসিভ অ্যান্ড আরবানিজম' এর উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে এই সেন্টারের কার্যক্রম চলবে। শহুরে জীবনযাত্রা নিরাপদ ও দীর্ঘস্থায়ী ও প্রাণোচ্ছল করতে গবেষণা ও পরামর্শ প্রদান করবে এই সেন্টার। মহাখালীতে অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগে এই সেন্টারের উদ্বোধন করেন উপাচার্য ড. সৈয়দ সাদ আন্দালিব। স্থাপত্য সংস্কৃতি ও নগরায়নের

সমন্বয়ে পরিবেশ সচেতন ও মানবীয় শহর গড়ে তোলাই এই কেন্দ্রের প্রধান লক্ষ্য। সরকারি ও ব্যক্তিগত সেক্টরে নতুন জ্ঞান তৈরি, উদ্ভাবনী নকশা ও নীতিমালা প্রণয়ন করতে সাহায্য করবে এই সেন্টার। আর্কিটেকচার বিভাগের সভাপতি ড. আদনান মোর্শেদের নেতৃত্বে ২০১৭ সালে এই সেন্টারের কার্যক্রম শুরু হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সেন্টার ফর ইনক্লুসিভ অ্যান্ড আরবানিজমের লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন ড. আদনান মোর্শেদ। তিনি জানান, ইতিহাস-ঐতিহ্য ও পরিবেশের কথা মাথায় রেখে এই সেন্টারটি ব্র্যাকের আঞ্চলিক, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে মূল ও আবাসিক ক্যাম্পাসসহ বেশ কিছু প্রতিষ্ঠানের নকশা প্রণয়নের কাজ করেছে।